গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১ (অংশ-১)- ৩২৪ তারিখঃ ১৫ ফেব্রুয়ারি,২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ "শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন" প্রসঙ্গে।

সূত্র ঃ ১। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং-৪৩.০০.০০০০.১১১.২৩.০৯৭.১৫/০৮ তারিখঃ ১১ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।
২। এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৪৬.০৩৯.০১৮.০০.০০.০০৫.২০১৫-৯৬ তারিখঃ ১১ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে এ সাথে সংযুক্ত আন্তঃ মন্ত্রনালয়ের সভার কার্যবিবরনীর ৩ নং ক্রমিকে বর্ণিত বিষয়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি ঃ ...১০... ফর্দ।

১৫/০২/২০১৬
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-ফ্যাক্সঃ ৯৫৭৭২৩০

অনুলিপি সদয় অবগতি/কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুারে নয়) ঃ

১. জেলা প্রশাসক (সকল).................. জেলা ।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল) ....জেলা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল).........................উপজেলা পরিষদ ।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)............................উপজেলা................. জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব আসাদুজ্জামান নূর, এমপি মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার স্থান	:	বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার হল।
সভার তারিখ ও সময়	:	০৬ জানুয়ারি ২০১৬, বিকাল ০৩.০০ টা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

০২। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহীদ মুক্তিযোদ্ধা ও ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপস্থিত সকলকে স্বাগত জানান। এ পর্যায়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, আক্তারী মমতাজ'কে সভা পরিচালনার জন্য তিনি অনুরোধ করেন। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সভায় অবহিত করেন যে, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ যথাযোগ্য মর্যাদা সহকারে উদ্‌যাপনের একটি খসড়া কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মসূচির বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সুধীমণ্ডলী/কর্মকর্তাবৃন্দকে সুচিন্তিত মতামত ও সুপারিশ প্রদানের আহবান জানিয়ে উপসচিব (প্রশাসন) ড. মুশফিকুর রহমান'কে খসড়া কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য তিনি অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ এর খসড়া কর্মসূচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ যথাযথ মর্যাদায় উদযাপনের উদ্দেশ্যে নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয় :

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন কর্তৃপক্ষ
১.	একুশে ফেব্রুয়ারি দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের ভবনে ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনসমূহ স্ব স্ব উদ্যোগে।
২.	জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে জেলা/উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদ্‌যাপন করতে হবে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	শিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৩.	জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ উদ্‌যাপন করতে হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	স্থানীয় সরকার বিভাগ

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন কর্তৃপক্ষ
	রাখতে হবে। এছাড়া বহিরাগতদের প্রত্যেককে যথাযথভাবে পরীক্ষা করে একাডেমির অভ্যন্তরে ও সোহরাওয়ার্দী উদ্যানে প্রবেশ করানোর জন্য একাডেমির প্রধান ফটকে ও সোহরাওয়ার্দী উদ্যানে ০৮টি আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর বসানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
	(চ) অমর একুশে গ্রন্থমেলা উপলক্ষে মেলাপ্রাঙ্গনে অগ্নিকাণ্ড প্রতিরোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিটি স্টলে একটি ফায়ার ইক্সটিংগুইশার রাখা বাধ্যতামূলক করতে হবে।	ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ/ বাংলা একাডেমি/ ঢাকা বিশ্ববিদ্যালয়।
	(ছ) মেলা চলাকালীন সার্বক্ষণিক বিদ্যুৎ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক এবং উপযুক্ত ক্ষমতাসম্পন্ন জেনারেটরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ/ পিডিবি/ঢাকা বিশ্ববিদ্যালয়
	(জ) জরুরী চিকিৎসার প্রয়োজনে সার্বক্ষণিক চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষে শহীদ মিনার এলাকায় এবং বাংলা একাডেমির মেলা চলাকালীন তিনটি সার্বক্ষণিক চিকিৎসা ক্যাম্প স্থাপন করতে হবে।	ঢাকা মেডিকেল কলেজ/সিভিল সার্জন, ঢাকা/ বাংলাদেশ-রেডক্রিসেন্ট সোসাইটি/ বাংলা একাডেমি।
	(ঝ) ধুলাবালি রোধকল্পে মেলা চলাকালীন সময় সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা করতে হবে।	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা ওয়াসা।
২৪.	জেলা সদর ও উপজেলা সদরের কর্মসূচি : সকল জেলা সদর ও উপজেলা সদরে জেলা/উপজেলা প্রশাসন যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। যে সকল উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে সে সকল উপজেলার প্রশাসন ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের জন্য একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কমিশনার (সকল বিভাগ)/ জেলা প্রশাসক (সকল জেলা)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)/ উপসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

০৪। সভাপতি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৬ যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষে সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে পুনরায় অনুরোধ জানান।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০/০১/২০১৬
আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়